



জুলাই সনদ ও ঘোষণাপত্র নিয়ে বিভ্রান্তি: আইনি ভিত্তির দাবি এনসিপির



সংগৃহীত ছবি

জুলাই ঘোষণাপত্র ও সনদকে ঘিরে জনমনে সন্দেহ ও বিভ্রান্তি তৈরি হয়েছে বলে মন্তব্য করেছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) সদস্য সচিব আখতার হোসেন। তাঁর দাবি, ঘোষণাপত্র ও সনদ দুটি পৃথক দলিল, যাদের ভূমিকা ও বৈধতা ভিন্ন।

বুধবার (৩০ জুলাই) জাতীয় ঐকমত্য কমিশনের বৈঠক শেষে সাংবাদিকদের তিনি বলেন, “ঘোষণাপত্র একটি ঐতিহাসিক ও আইন স্বীকৃত দলিল, যা রাজনৈতিক পরিবর্তনের ভিত্তি হিসেবে বিবেচিত। অন্যদিকে, সনদ হচ্ছে বিভিন্ন রাজনৈতিক দলের ঐকমত্যের ভিত্তিতে সিদ্ধান্ত বাস্তবায়নের কর্মপরিকল্পনা। কিন্তু এই দুই দলিলকে নিয়ে এখন প্রশ্ন ও দ্বিধার সৃষ্টি হয়েছে।”

আখতার হোসেন আরও বলেন, “জুলাই ঘোষণাপত্র চলতি মাসের মধ্যেই প্রকাশ করতে হবে—এটি আমাদের স্পষ্ট দাবি। তবে জুলাই সনদ যদি যথাযথ আইনি ভিত্তি না পায়, তাহলে তা বাস্তবায়নযোগ্য হবে না। এতে কাজক্ষিত সংস্কারগুলো প্রশ্রুবিদ্ধ হয়ে পড়বে।”

তিনি অভিযোগ করেন, “ঘোষণাপত্রের খসড়া নিয়ে সরকারের সঙ্গে একাধিকবার আলোচনা হয়েছে, কিন্তু এখনো কোনো চূড়ান্ত সিদ্ধান্ত হয়নি। এনসিপির পক্ষ থেকেও একটি সংশোধিত খসড়া পাঠানো হয়েছে, তবে আমরা কোনোভাবেই আমাদের অবস্থান থেকে সরে আসবো না।”

সরকারের দিক থেকে বারবার সময় চাওয়া হলেও তারা কার্যকর কোনো পদক্ষেপ নেয়নি বলেও ক্ষোভ প্রকাশ করেন এই রাজনৈতিক নেতা